

তারিখ: ১৭/০৭/২০২১ (পৃঃ ০৮)



গাজীপুরে জাতীয় বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন করেন ব্রি'র মহাপরিচালক ডক্টর মো. শাহজাহান কবীর

যাযাদি

## জাতীয় বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন

### ■ স্বদেশ ডেস্ক

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় জাতীয় বৃক্ষরোপণ কর্মসূচি ২০২১ উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষে বিভিন্ন স্থানে চারা বিতরণ, র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

প্রতিনিধিদের পাঠানো খবর-

গাজীপুর : জাতীয় বৃক্ষরোপণ কর্মসূচি ২০২১ উপলক্ষে বৃহস্পতিবার বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) স্বাস্থ্যবিধি মেনে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। ব্রি'র মহাপরিচালক ডক্টর মো. শাহজাহান কবীর কর্মসূচি উদ্বোধন করেন।

গাজীপুরে ব্রি'র সদর দপ্তরে খামার ব্যবস্থাপনা বিভাগের অয়োজনে অনুষ্ঠিত এ কর্মসূচিতে বিশেষ অতিথি ছিলেন ব্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ডক্টর মো. আবুবকর হিদ্দিক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খামার ব্যবস্থাপনা বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান সিরাজুল ইসলাম।

গোপালগঞ্জ : গোপালগঞ্জ সড়ক বিভাগের উদ্যোগে বৃক্ষ রোপণ কর্মসূচি পালন করা হয়েছে। জেলা সড়ক বিভাগ চত্বরে গাছ লাগিয়ে কর্মসূচির উদ্বোধন করেন গোপালগঞ্জ সড়ক জেনারেল অতিরিক্ত প্রধান প্রকৌশলী সুরঞ্জ মিয়া। গোপালগঞ্জ সড়ক সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী তাপসী দাশ ও নির্বাহী প্রকৌশলী জাহিদ হোসেন বৃক্ষ রোপণ করেন।